

মতুরা সঙ্গীত

৬৮

- ১। বিষয়-বিষে অঙ্গ জারা, গুরুচাঁদ এবার আমি গেলাম মারা,
ঘেরা পড়েছি মায়াজালে ।
আমি গুণ ছেঁড়া ঠিক ঘূর্ণীর মত উড়ে পড়ি জলে স্থলে ॥
- ২। স্বপক্ষ ছিল যারা, বিপক্ষ হোল তারা, ছয়জনে এক দলে ।
এবার দয়া করি দয়াল গুরু চরণ দেও মোর মাথায় তুলে ॥



৮২ নং

তাল—একতালা

- ভজন বিহীন সাধন শূন্য গুরু আমার কোন সম্বল নাই ।
হ'লেম ভজন বিহান দীনেরও দীন দেশ বিদেশে ঘুরে বেড়াই ॥
- ১। ভজন বিহীন সাধন শূন্য পাপে দেহ পরিপূর্ণ,
গুরু আমার কোন উপায় নাই ।
কর বা না কর দয়া হরি, দিতেছি তোমার দোহাই ॥
- ২। দুঃখী-তাপী ছিল যত, তরে গেল শত শত,
আমি স্বচক্ষে তাই দেখতে পাই ।
হরিনামের গুণে জীব তরে যায়, তরিল জগাই মাধাই ॥
- ৩। দয়াল গোপালচাঁদে বলে, হরি তোমার পদতলে,
সকলেরে দিও ঠাই ।
তুমি সকলেরে কর দয়া হরি, আমি তোমায় নাহি চাই ॥



৮৩ নং

তাল—একতালা

রাগিনী—ভাটিয়ালী

- দয়াল গুরুচাঁদ চরণ ছাড়া করো না আমারে,
আমার এমন বান্ধব নাই, কার কাছে দাঁড়াই,
দাঁড়াবার স্থান নাই সংসারে ॥